# কক্সবাজার সৈকতে মারমেইড রিসোর্টের অবৈধ দখল, পরিবেশ বিপন্ন




সংগৃহীত: ছবি

কক্সবাজারের সমুদ্র সৈকতের বালিয়াড়ি দখল করে গড়ে উঠেছে মারমেইড বীচ রিসোর্ট। পরিবেশবিদরা সতর্ক করেছেন, অবৈধ স্থাপনাটি সমুদ্র ও উপকূলীয় জীববৈচিত্র্যের জন্য হুমকি সৃষ্টি করছে। "ফুল মুন পারি"সহ অন্যান্য কার্যক্রম সৈকতকে দূষিত করছে। প্রশাসন বারবার অভিযান চালালেও রাজনৈতিক ও অর্থনৈতিক প্রভাবের কারণে কার্যকর পদক্ষেপ নেওয়া সম্ভব হয়নি। স্থানীয়রা দ্রুত উচ্ছেদ ও পরিবেশ সংরক্ষণের দাবি জানিয়েছেন।

কক্সবাজারের সমুদ্র সৈকত একসময় প্রাকৃতিক সৌন্দর্যের জন্য বিশ্বখ্যাত। কিন্তু বর্তমানে সৈকতের বালিয়াড়ি মারাত্মক পরিবেশগত বিপর্যয়ের মুখে। অভিযোগ উঠেছে, মারমেইড বীচ রিসোর্ট অবৈধভাবে সমুদ্র সৈকত দখল করে স্থাপনা তৈরি করেছে। রিসোর্টে আয়োজন করা "ফুল মুন পার্টি"ও সৈকতের পরিবেশকে মারাত্মকভাবে দূষিত করছে, যেখানে প্লাস্টিক ও অন্যান্য বর্জ্য জমা হচ্ছে।

বালিয়াড়ি কেবল পর্যটনের জন্য নয়, উপকূলীয় বাস্তুসংস্থান ও জীববৈচিত্র্য রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। স্থানীয় পরিবেশবিদরা জানিয়েছেন, সমুদ্রের পানি দূষিত হচ্ছে এবং বিভিন্ন উদ্ভিদ ও জলজ প্রাণী হুমকির মুখে।

স্থানীয় সূত্র জানায়, রিসোর্টটির মালিক প্রশাসন, রাজনৈতিক নেতা ও মিডিয়াসহ বিভিন্ন সংগঠনের সঙ্গে যোগাযোগ রেখে অর্থনৈতিক সুবিধা দিয়ে অবৈধ দখল টিকিয়ে রেখেছে। ফলে প্রশাসনের উচ্ছেদ অভিযান কার্যত তৎক্ষণাত হয়নি।

জনগণ ও পরিবেশবাদীরা দাবি করছেন, প্রশাসন দ্রুত পদক্ষেপ নিক। রিসোর্ট উচ্ছেদ করা না হলে কক্সবাজারের প্রাকৃতিক পরিবেশ এবং পর্যটন শিল্প বিপর্যয়ের দিকে যাবে।

প্রশাসনের এক মুখপাত্র জানিয়েছে, বিষয়টি পর্যবেক্ষণাধীন রয়েছে এবং প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে। তবে বিশেষজ্ঞরা বলছেন, সময় নষ্ট না করে এখনই কঠোর পদক্ষেপ নেওয়া জরুরি।